


উলিপুরে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার উপবৃত্তির টাকা লুটপাট

উলিপুর (কুড়িগ্রাম) সংবাদমাতা

কুড়িগ্রামের উলিপুর উপজেলার ২৭টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার উপবৃত্তির সিংহভাগ টাকা লুটপাট হওয়ার অভিযোগ পাওয়া গেছে। দুর্নীতির অভিযোগে বর্তমানে ৯টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার উপবৃত্তি বন্ধ রয়েছে। উপজেলায় ২৭টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় ভূমি-ছাত্র-ছাত্রী দেখিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রধানগণ তালিকা প্রস্তুত করেন। এ ভূমি তালিকা দিয়ে উপজেলা শিক্ষা অফিসার, সহকারী শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার, মনিটরিং অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা যোগসাজশ করে মার্চ মাসের বরাদ্দ ১০ লাখ ৯০ হাজার ৩শ' ১০ টাকা ভাগ-বাটোয়ারা করে নেন। বরাদ্দ উপবৃত্তির টাকা সংশ্লিষ্ট ব্যাংক, নির্দিষ্ট ভোজ্যে বিতরণ করে। বাকি টাকা সংশ্লিষ্ট প্রধান শিক্ষকরা ব্যাংকের লোকজনকে ম্যানেজ করে ভাগ-বাটোয়ারা করে নেন। এভাবে দীর্ঘদিন ধরে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার উপবৃত্তির টাকা লুটপাট হয়ে আসছে।

মাদ্রাসা ১৫০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪০ হাজার, সন্তোষ অন্ডিরাম স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৮৬ জন ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪৯ হাজার ৯ শত, কারিমা লাটগালা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৭৫ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪৭ হাজার ২ শত, সাদুল্লা সরকার পাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১১৮ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩১ হাজার ৭ শত, মণ্ডলের হাট বালিকা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৮৫ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪৯ হাজার ৬ শত, জলাপারকুঠি এস এ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৬০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩১ হাজার ২ শত, যমুনা হাফেজিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৪২ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩৮ হাজার ১ শত, ফারাজীপাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৪০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩৭ হাজার ৬ শত, ফকিরের চর স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৬০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪২ হাজার ৯ শত, ইসলামপুর স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ২৩০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৫৪ হাজার, দামুয়ার পাড় খাঁপাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৪০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩৭ হাজার ৮ শত, মাঝের আলগা জয়নাল আবেদীন স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৫৭ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪২ হাজার ১ শত ও তবরপুর মিশ্রিপাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৯৯ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৫৩ হাজার ৪ শত



উপজেলার পাকুল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় ১০০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ২৬ হাজার ৪ শত, বামার বজরা কে ইউ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ৯৮ ছাত্র-ছাত্রীর বিপরীতে ২৬ হাজার ৩ শত, বজরা পূর্বপাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১১৮ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩১ হাজার ৭ শত, ফকির পাড়া রহমানিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৫০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪০ হাজার ২ শত, চিড়া খাওয়ার পাড় সরকার পাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৫০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ২৮ হাজার ২ শত, গাবুরজান স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৪০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩৭ হাজার ৬ শত, সোনারার পাড় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৬০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪২ হাজার ৯ শত, নীলকণ্ঠ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৭০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪৬ হাজার ৪ শত, হিজলী কেরামতিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৬০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৩১ হাজার ২ শত, হিজলী গোফপাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৭৫ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪৬ হাজার ৯ শত, গোড়াই ফারজানিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৫০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪০ হাজার ২ শত, যমুনা পাইকপাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৫০ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪০ হাজার ২ শত, কাশিয়া গাড়ি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৮৮ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৫০ হাজার ৪ শত, মাদারটারী স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ১৮৪ ছাত্র-ছাত্রীর বিপরীতে ৪৯ হাজার, মালতিবাড়ী স্বতন্ত্র ইবতেদায়ী

টাকা। সশ্রুতি উপবৃত্তি নিয়ে বিভিন্ন দপ্তরে লিখিত অভিযোগ হলে প্রাথমিক ও গণশিক্ষা মহাপ্রদানের সহকারী পরিচালক আল মাসুদ করিম তদন্ত করেন। তিনি কিছু স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা তদন্ত করতে গিয়ে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি পান। এর মধ্যে ৫টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা বন্ধ করে নেন। বর্তমানে ৯টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় উপবৃত্তি বন্ধ রয়েছে। দামুয়ার পাড় খাঁপাড়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান জানান, ছাত্র-ছাত্রী হিসাব করলে উপজেলার কোনো স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা উপবৃত্তির টাকা পাবে না। উপজেলা শিক্ষা অফিসার শাহজাহান জানান, এ ব্যাপারে তদন্ত চলছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসের মনিটরিং অফিসার রোকনুজ্জামান জানান, অনিয়ম ও দুর্নীতির কারণে সশ্রুতি তদন্ত করে ৯টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার উপবৃত্তি বন্ধ করা হয়েছে। সোনালী ব্যাংক উলিপুর শাখা ব্যবস্থাপক ছমির জালাল জানান, ব্যাংকের লোকজন উপবৃত্তির টাকা, উপকার ভোগী ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের হাতে তুলে দেয়।